রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৩১, ২০২৬

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

অরিখ: ১৫ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩২৩-আইন/২০২৬/৮৭/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর—

(ক) প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সময়ের জন্য উক্ত আইনের প্রথম তফসিলে আরোপণীয় কাস্টমস শুল্ক, যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি শুল্ক এবং সম্পূরক শুল্ক, যেই পরিমাণ মূল্য ভিত্তিক ১০% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ হইতে অব্যাহতি প্রদান করিল; এবং

(খ) প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সময়ের জন্য উক্ত আইনের প্রথম তফসিলে আরোপণীয় কাস্টমস শুল্ক, যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।

মূল্য : টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com

TABLE

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
07.09	0709.60.19	Green Chilli
07.02	0702.00.19	Tomatoes

২। এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান হাবিব
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

Downloaded from www.taxvatpoint.com

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Downloaded from www.taxvatpoint.com